BANGLADESH BIBLE SOCIETY
বাংলাদেশ বাইবেল সোসাইটি

নিউজলেটার

বর্ষ: ২৬, সংখ্যা # ৯৯, অক্টোবর ২০২০ খ্রীঃ

শুভেচ্ছা বাণী

প্রিয় সুধী,

সকলকে খ্রীষ্টিয় শুভেচ্ছা জ্ঞাপন করছি। সর্বপ্রথমে মহান পিতা ঈশ্বরকে কৃতজ্ঞতা জানাই যে, দীর্ঘ প্রায় এগারো মাস বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারী প্রাদুর্ভাবের মধ্যে আজও আমরা বেচেঁ আছি, দয়া ও অনুগ্রহ লাভ করে চলেছি। ২০২০ খ্রীষ্টাব্দে বিভিন্ন ঘাত-প্রতিঘাতের মধ্যেও বাংলাদেশ বাইবেল সোসাইটির সকল কার্যক্রমকে এগিয়ে নিতে সক্ষম হয়েছি তাই মহান ঈশ্বরকে ধন্যবাদ জানাই। বছরের প্রায় শেষ প্রান্তে পৌঁছে গেছি আমরা; অন্যদিকে কোভিড-১৯ এর দ্বিতীয় ধাপের আঘাত ধেয়ে আসছে। আসুন, আমরা নিজে সতর্কতা অবলম্বন করি এবং অন্যদেরকেও উৎসাহিত করি।

যারা প্রিয়জনকে হারিয়েছেন তাদের প্রতি রইল সমবেদনা। যারা কোভিড-১৯ এর কাছে বিজয়ী হয়েছেন তাদেরকে ফুলেল শুভেচ্ছা, এখনও যারা বিভিন্ন ভাবে অসুস্থ রয়েছেন তাদের জন্য প্রার্থনা রাখি আরোগ্যদায়ী পিতার কাছে। সৃষ্টিকর্তার কাছে কৃতজ্ঞতা স্বীকার করি তিনি এখনও আমাদের প্রত্যেককে অনুগ্রহ দিয়ে চলেছেন, প্রত্যেকের জীবনের জন্য নিরাপত্তা দিচ্ছেন, তাই প্রেমময়ী পিতার কাছে গৌরব স্বীকার করি।

২৬ মার্চ '২০ থেকে হোম অফিস, ২৭ আগস্ট '২০ থেকে বাংলাদেশ বাইবেল সোসাইটি অফিস খোলা রেখে এবং স্বাস্থ্যবিধি মেনে সার্বিক কার্যক্রম যথারীতি এগিয়ে চলছে। আনন্দের সাথে জানাতে চাই যে, ডিসেম্বর ২০২০ খ্রীষ্টাব্দ চাকমা, গারো ও সান্তাল বাইবেল অনুবাদ কার্যক্রম শেষ হতে চলেছে। ইতোমধ্যে ২০২১ খ্রীষ্টাব্দের দেয়াল ক্যালেণ্ডার, পকেট ক্যালেণ্ডার, মান্না প্রকাশিত হয়েছে; আমাদের প্রত্যাশা আপনাদের কপি যতশীঘ্র সম্ভব সংগ্রহ করে নিবেন। দেশের বিভিন্ন প্রান্তে বাইবেল সামগ্রী পোঁছে দিতে বিপণন বিভাগ তাদের যথাসাধ্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

তিনি আলফা, তিনি অমেগা। তিনি ছিলেন, তিনি আছেন, তিনি চিরদিন থাকবেন। "আমি" সেই আমি আজও আমাদের মাঝে আছেন এবং বিরাজমান। ইম্মানূয়েল।

রেভাঃ লিটন ম্রং
সাধারণ সম্পাদক
বাংলাদেশ বাইবেল সোসাইটি

অনুবাদ বিভাগের কার্যক্রম ঃ

- গারো বাইবেল অনুবাদ : পবিত্র বাইবেল রিভিউ মিটিং এর উপর ভিত্তি করে ও প্যারাটেক্সট এর সাথে সামঞ্জস্যতা চেকিং এর কাজ চলছে। বর্তমানে গারো বাইবেল অনুবাদের কাজ ৯৬% সমাপ্ত হয়েছে।

- সান্তালী বাইবেল অনুবাদ : পবিত্র বাইবেল এর বিভিন্ন পুস্তকের উপর বানান, বাক্যশ্রুতিমধুর গঠন ও বিভিন্ন পর্যায়ের চূড়ান্ত চেকিং এর কাজ চলছে। সান্তালী বাইবেল অনুবাদের কাজ ৯৭% সমাপ্ত হয়েছে।

- চাকমা বাইবেল অনুবাদ : চাকমা বাইবেল নতুন নিয়ম প্রকাশনা ২ আগস্ট ২০২০ খ্রীষ্টাব্দ জুম অনলাইনের মধ্য দিয়ে মাননীয় সভাপতি বিশপ ফিলিপ পি. অধিকারী উৎসর্গ করেন। পূর্ণ চাকমা বাইবেল অনুবাদের কাজ ৯৬% সমাপ্ত হয়েছে।

- মারমা বাইবেল অনুবাদ : মারমা বাইবেল অনুবাদের চারটি সুসমাচার (প্রেরিত পুস্তক সহ) প্রকাশনা ২ আগস্ট ২০২০ খ্রীষ্টাব্দ জুম অনলাইনের মধ্য দিয়ে মাননীয় সভাপতি বিশপ ফিলিপ পি. অধিকারী উৎসর্গ করেন।

- স্টাডি বাইবেল : বর্তমানে নতুন নিয়ম এর পুস্তকগুলোর লূক ও যোহন পুস্তকের উপরে কাজ করা হচ্ছে।

চাকমা ভাষায় বাইবেল অনুবাদের রিভিউ মিটিং

চাকমা ভাষায় 'নতুন নিয়ম' প্রাপ্তির বহিঃপ্রকাশ

বিপণন বিভাগের কার্যক্রম ঃ

জুলাই থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত কোভিড-১৯ এর কারণে অনেক স্থানে বাইবেল পৌঁছে দেয়া সম্ভব হয় নাই। এমতবস্থায় দেশের বিভিন্ন স্থানে পবিত্র বাইবেল ও অন্যান্য পুস্তিকা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পাঠানো সম্ভব হয়েছে। এলাকা সমূহ - টেকেরহাট, চুয়াডাঙ্গা, নেত্রকোনা, গোপালগঞ্জ, মেহেরপুর, খুলনা, মোংলা, বরিশাল, রংপুর, খাগড়াছড়ি, চকরিয়া, সাতক্ষীরা, ঝিনাইদহ, দিনাজপুর, সিলেট, সাভার, কুষ্টিয়া, জয়পুরহাট, গাজীপুর, ঠাকুরগাঁও, উত্তরা, গ্রীনরোড ইত্যাদি। উল্লেখিত সময়ে বিভিন্ন চার্চ প্রতিষ্ঠান (বিসিসিএফ, ইন্টারন্যাশনাল ইভানজেলিক্যাল চার্চেস্, সেভেনথ্ ডে অব এ্যাডভেনটিষ্ট, হাউজ চার্চ বাংলাদেশ) এর কাছে অধিক সংখ্যক পবিত্র বাইবেল, কিতাবুল মোকাদ্দস ও অন্যান্য শাস্ত্রাংশ বিপণন করা সম্ভব হয়েছে।

"বাইবেল আমার প্রিয় সাথী" ও "যীশু আমার আদর্শ" প্রোগ্রাম ঃ

ঈশ্বরের বাক্য বাংলাদেশের বিভিন্ন গ্রামগঞ্জের যুবসমাজ, কিশোর-কিশোরী ও শিশুদের মাঝে পৌঁছে দেওয়া ও তাদেরকে বাইবেল পাঠে ও প্রার্থনায় উদ্বুদ্ধ করার জন্য বাংলাদেশ বাইবেল সোসাইটির বিপণন বিভাগ কাজ করে যাচ্ছে। বিবিএস কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী ও কোভিড-১৯ প্রতিরক্ষা স্বাস্থ্যবিধি মেনে বিগত সময়ে প্রায় ৮০টি মন্ডলীতে "বাইবেল আমার প্রিয় সাথী" ও "যীশু আমার আদর্শ" প্রোগ্রাম করা সম্ভব হয়েছে। আর এই সফলতায় বিশেষ সহযোগিতা করেছেন বাংলাদেশের বিভিন্ন জায়গায় চার্চের পালক/পুরোহিতবর্গ, স্থানীয় যুব ভলান্টিয়ার ও বিবিএস এর ফিল্ড কর্মীবৃন্দ। কোভিড-১৯ এ একদিকে যেমন সর্বপ্রকার কর্মকাণ্ড করা সম্ভব হয়নি; অন্যদিকে দেশের অনেক

প্রত্যন্ত অঞ্চলে যেখানে বিবিএস এর পক্ষে সরাসরি গিয়ে প্রোগ্রাম করা সম্ভব হতো না সেই সমস্ত অঞ্চলে স্থানীয় সহযোগিতায় এই প্রোগ্রাম করা সম্ভব হয়েছে। অংশগ্রহণকারী প্রত্যেককে পবিত্র বাইবেল, নতুন নিয়ম ও অন্যান্য শাস্ত্রাংশ প্রদান করা হয়েছে। এছাড়া জুম অনলাইনের মাধ্যমেও দেশের দুর দুরান্তের বিভিন্ন এলাকা থেকে মোট ৬টি প্রোগ্রাম সফলতার সাথে করা হয়েছে যেখানে প্রায় ৫০০ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেছে।

১) অনলাইন ছবি ১টা

২) ফিজিক্যাল ছবি ১টা

<u>প্রোগ্রাম বিভাগ</u> ঃ

শোনার মাধ্যমে বিশ্বাস আসে (এফসিবিএইচ) কার্যক্রম ঃ

পবিত্র শাস্ত্র বাক্যের সাথে মানুষকে সম্পৃক্ত করাই এই প্রোগ্রামের লক্ষ্য। অডিও ডিভাইস (প্রোক্লেইমার) এর মাধ্যমে পবিত্র শাস্ত্র বাক্য 'শ্রবণ' কার্যক্রম পরিচালিত হয়। কোভিড-১৯ করোনা ভাইরাসের প্রাদুর্ভাব থাকলেও জুলাই থেকে সেপ্টেম্বর মাসে ১৪৭টি মণ্ডলীতে ১৪৭টি প্রোক্লেইমার বিতরণ করা হয়। বর্তমানে স্বাস্থ্য বিধি মেনে সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে।

ট্রমা হিলিং কার্যক্রম ঃ

এই প্রোগ্রামের মূল লক্ষ্য হল - মানসিক আঘাতপ্রাপ্তদের আরোগ্য লাভে সহায়তা করা যেন তারা স্বাভাবিক জীবন যাপনে ফিরে আসতে পারে। কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে এই প্রোজেক্টের কার্যক্রম - হিলিং গ্রুপ লেসন ও ট্রেইনিং সমূহ সাময়িক বন্ধ ছিল। তবে বর্তমানে স্বাস্থ্য বিধি মেনে হিলিং গ্রুপের ক্লাশ চলমান রয়েছে। কিছু কার্যক্রম অনলাইন এর মাধ্যমে করা হচ্ছে।



Convening সেশন ঃ ৫ আগষ্ট ২০২০ খ্রীষ্টাব্দে পার্বত্য অঞ্চলের- চট্টগ্রাম, রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলার বিভিন্ন ডিনোমিনেশনের ৩০ জন নেতৃবৃন্দের উপস্থিতিতে কনভেনিং সেশন Online-zoom এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। কনভেনিং সেশনে ট্রমা হিলিং প্রোগ্রাম সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা শেষে মুক্ত আলোচনা করা হয়।

Trauma Healing Mini সেশন ঃ ৯ জুলাই ২০২০ খ্রীষ্টাব্দে ***'কোভিড-১৯ সঙ্কটকালে মানসিক কষ্ট ও যাতনা থেকে আরোগ্য লাভ'*** বিষয় নিয়ে অন লাইন জুম-এ মিনি সেশন অনুষ্ঠিত হয়। গোপালগঞ্জ, খুলনা, ঢাকা ও ময়মনসিংহ অঞ্চলের ২৬ জন চার্চ প্রতিনিধি ও সাহায্যকর্মীগণ এই সেশনে উপস্থিত ছিলেন। এই প্রোগ্রাম বর্তমান সময়ের প্রেক্ষাপটে খুবই গুরুত্বপূর্ণ বলে মত প্রকাশ করা হয়। বর্তমানে ১৫টি হিলিং গ্রুপে এই লেসন পরিচালিত হচ্ছে।

লিটারেসী কার্যক্রম ঃ বর্তমানে চারটি অঞ্চলে চারজন প্রোগ্রাম লিটারেসী এসিষ্ট্যান্টের তত্বাবধানে ৫০টি মণ্ডলীতে ১,০০০ জন শিক্ষার্থী লিটারেসী ক্লাশের মাধ্যমে বাইবেলের শিক্ষা লাভ করার সুযোগ পাচ্ছে এবং তাদের লেখাপড়ার মান বৃদ্ধিরও ক্ষেত্র তৈরী হয়েছে। করোনার কারণে কার্যক্রম সীমিত হলেও স্বাস্থ্যবিধি মেনে ধীরে ধীরে তা বৃদ্ধি করা হচ্ছে।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত ঃ ৮ সেপ্টেম্বর বিশ্ব সাক্ষরতা দিবস। এ দিনটিতে বাইবেল সোসাইটি এর গোপালগঞ্জ, যশোর, দিনাজপুর ও ময়মনসিংহ লিটারেসী কার্যক্রমের সাহায্যকর্মী ও শিক্ষার্থীবৃন্দ নিজ নিজ এলাকাতে ব্যানারসহ র‍্যালির মাধ্যমে জনগনকে শিক্ষা সচেতনতা প্রদান করেন এবং পরবর্তীতে জুমের মাধ্যমে এক সংক্ষিপ্ত সেমিনারে ৮৫ জন যোগদান করেন।

লিটারেসী ওয়েবিনার জুম মিটিং ঃ বিশ্ব সাক্ষরতা দিবস উপলক্ষ্যে ইউবিএস এবং এস. আই. এল. যৌথভাবে জুমের মাধ্যমে বিগত ১০ই সেপ্টেম্বর একটি ওয়েবিনারের আয়োজন করেন যেখানে বিশ্বের ১৮৫ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন। এই সেমিনারে ইন্দোনেশিয়া এবং কেনিয়ার কেসষ্ট্যাডি তুলে ধরা হয়। আনন্দের বিষয় হল সেমিনারের শুরুতে লিটারেসী গ্লোবাল কোর্ডিনেটর ড. জুলিয়ান সুন্দরশিং বাংলাদেশের সাক্ষরতা দিবসের র‍্যালির ছবিসহ সংক্ষিপ্ত বর্ননা তুলে ধরেন যা অনুষ্ঠানের শুরুতে চমক সৃষ্টি করে।

বিবিএস ফেইসবুক পেইজ ঃ বিবিএস এর ফেইসবুকে নিয়মিতভাবে বাইবেলের পদ, করোনার আপডেট তথ্য ও করোনার সচেতনতামূলক তথ্য প্রদান অব্যাহত রয়েছে। তাছাড়া পহেলা অক্টোবর থেকে প্রতিদিন গস্‌পেল ফিল্মের দু'টি অধ্যায়ের ভিডিও সম্প্রচার করা হয়েছে।

রেডিও হোপ এর অন লাইন কার্যক্রম ঃ লাইট ফর লাইফ এর অন লাইনের রেডিও প্রোগ্রাম ধারাবাহিকভাবে চলছে যা অন্যান্য শ্রোতার সুবিধার্থে বিবিএস ওয়েবসাইটেও আপলোড করা হয়েছে।

কাথলিক এফিনিটি গ্রুপ মিটিং ঃ ইউবিএস এর উদ্যোগে বিগত ২৮-২৯ জুলাই বিশ্ব ব্যাপী বাইবেল সোসাইটি কাথলিক মণ্ডলীর জন্য কোন্ কোন্ প্রক্রিয়ায় পবিত্র বাইবেলের যোগান দিতে পারে সেবিষয়ে দু'দিন ব্যাপী আলোচনায় বিবিএস থেকে জিএস সহ আরো দু'জন কর্মী অংশগ্রহণ করেন। এ আলোচনার প্রেক্ষিতে পরবর্তীতে কার্যক্রম/প্রকল্প গ্রহণের উপর গুরুত্ব আরোপ করা হয়।

ফটোগ্রাফি এবং সাক্ষ্য (Testimony) প্রস্তুতি ওয়ার্কশপ ঃ রিপোর্টিং এর জন্য ছবি এবং সাক্ষ্য প্রস্তুত উন্নততর করার লক্ষ্যে আমেরিকান বাইবেল সোসাইটি বিগত ২রা সেপ্টেম্বর জুম অন লাইন ট্রেনিং এর মাধ্যমে বাংলাদেশ বাইবেল সোসাইটিকে প্রশিক্ষণের মাধ্যমে সহায়তা করে যা রিপোর্টিং, ছবি তোলা এবং আত্মসাক্ষ্য প্রস্তুতের গুণগত দিকগুলো অর্জনে সক্ষম হন।

ইউবিএস এশিয়া/গ্লোবাল প্রেয়ার ফেলোশীপ ঃ প্রতিমাসের ২০ তারিখে ইউনাইটেড বাইবেল সোসাইটির সাথে বিবিএস এর সমস্ত কর্মীবৃন্দ জুমের মাধ্যমে প্রার্থনায় মিলিত হচ্ছেন। এছাড়াও জুমের মাধ্যমে কার্যক্রম সংক্রান্ত বিষয়ে বিভিন্ন বাইবেল সোসাইটির কর্মীবৃন্দ জুমে মিলিত হয়ে পারস্পরিক প্রার্থনা ও পরামর্শ সহায়তা প্রদান করে আসছে।

- চাকমা ও মার্মা ভাষায় 'নতুন নিয়ম' উৎসর্গ প্রোগ্রামের ছবি (সভাপতি সহ)।
- কোভিড-১৯ আক্রান্তদের প্রতি সহানুভূতি প্রকাশ।
- বিবিএস প্রাত্যাহিক আরাধনায় অতিথি বক্তাদের ছবি।

- ইউবিএস এশিয়া প্যাসিফিক প্রেয়ার ফেলোশীপ এর ছবি।
- এন্ডোমেন্ট ফান্ড ট্রাষ্টে উপহার দিয়ে যারা সুসমাচার বিতরণে অংশীদার হয়েছেন -

মিসেস ফ্লোরেন্স বীনা সরকার	মিস ইস্টের বিশ্বাস
মি. পলাশ পেরেরা	মি. আনন্দ কীর্ত্তনিয়া

- **প্রার্থনার অনুরোধ** ঃ ১. ২০২১ খ্রীষ্টাব্দের প্রজেক্ট ফান্ডিং ২. করোনাভাইরাস কালীন সময়ে বিবিএস কর্মকাণ্ড ৩. বিভিন্ন দাতাবৃন্দ ও দাতা সংস্থা ৪. ইউনাইটেড বাইবেল সোসাইটি ৫. বাংলাদেশ বাইবেল সোসাইটি তথা বোর্ড সহ বিভিন্ন উপ-কমিটি সমূহ এবং কর্মীবৃন্দ এর জন্য।

- **ধন্যবাদ ও কৃতজ্ঞতা উৎসর্গ** ঃ ১. কোভিড-১৯ মহামারী অবস্থার মধ্যেও সোসাইটির কার্যক্রম এগিয়ে চলছে ২. বিবিএস সংশ্লিষ্ট যারা করোনাভাইরাসে আক্রান্ত ছিল তাদের সুস্থতা।